

সারা ১২৭ বছর বেঁচে ছিলেন আর তিনি কনান দেশে মৃত্যুবরণ করেছিলেন।
এটা ছিল, অব্রাহামের জন্য খুবই শোকের সময়।
যদিও ঈশ্বর অব্রাহামকে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তিনি ও তাঁর বংশধরেরা অবশেষে এই এলাকার অধিকারী হবেন, তবুও তিনি হিব্রোণে বসবাসকারী হিত্তীয় লোকদের কাছে গিয়ে অনুরোধ করলেন।
যদিও আমি আপনাদের মধ্যে একজন বিদেশী, তবুও এই মৃতকে কবর দেয়ার জন্য আমার জায়গা প্রয়োজন।
আপনি এখানে আমাদের মধ্যে ঈশ্বরের নিযুক্ত একজন নেতা হিসাবে আছেন-- আমাদের সবচেয়ে ভাল কবরটাতেই আপনার মৃতা স্ত্রীকে কবর দিন।
আমরা আপত্তি করব না।
আপনারা আমার হয়ে ইফ্রোণকে এই অনুরোধ করুন যেন তাঁর জমির শেষ সীমানায় মক্‌পেলাতে যে গুহাটা আছে তা তিনি আমাকে ছেড়ে দেন। আমি পুরো দামটাই দিয়ে দেব।


ইফ্রোণ সামনে আসলেন...
প্রভু, ঐ জমি ও তার মধ্যেকার গুহাটা আমি আপনাকে এমনিই দিচ্ছি; আপনার মৃতা স্ত্রীকে আপনি ওখানে কবর দিন।
জমিটা আমি দাম দিয়ে নিতে চাই।
ঐ জমিটার দাম হল চার কেজি আটশো গ্রাম রূপা, কিন্তু আমার বা আপনার কাছে ওটা তেমন কিছু নয়।
অব্রাহাম সেই মূল্য পরিশোধ করলেন এবং তিনি সেই জমির মালিক হলেন।
এটাই ছিল সেই প্রতিশ্রুত দেশের জমির প্রথম অংশ- - যেখানে তিনি তার স্ত্রীকে কবর দিয়েছিলেন।
অব্রাহাম তার প্রিয়তমা স্ত্রীর কারণে শোকার্ত ছিলেন। তাকে নিয়েই তিনি ইসহাকের জন্মের মত ঈশ্বরের অলৌকিক প্রতিজ্ঞার অভিজ্ঞতা লাভ করেছিলেন।



ইলিয়েষর, আমার বিশ্বস্ত দাস, আমার কথা মনোযোগ দিয়ে শোন।
আমার এখন ১৩০ বছর বয়স এবং আমি খুব শীঘ্রই আমার লোকদের সাথে মিলিত হব।
আর এখনও আমার ছেলে ইসহাকের কোন স্ত্রী নেই।
আমার উরুর নিচে হাত দাও এবং প্রতিশ্রুতি দাও যে তুমি ইসহাকের জন্য এই কনান দেশ থেকে কোন মেয়েকে স্ত্রী হিসাবে খুঁজবে না।
তার বদলে তুমি আমার দেশে এবং আমার বংশের কাছে যাও আর সেখান থেকেই তুমি আমার ছেলের জন্য একজন স্ত্রী খুঁজে নিয়ে আসবে।
প্রভু আমি তো অনেক দূরের পথ যাবো, কিন্তু যদি সেই মেয়ে আমার সংগে এই দেশে আসতে রাজী না হয়?
তাহলে যে দেশ ছেড়ে আপনি এসেছেন সেই দেশেই কি আবার আপনার ছেলেকে আমি নিয়ে যাব?”
না। আমার ছেলেকে তুমি কখনও সেখানে নিয়ে যাবে না। সদপ্রভু আমাকে শপথ করে বলেছিলেন যে, এই দেশ তিনি আমার বংশকে দেবেন। তিনি তোমার আগেই তাঁর দূতকে সেখানে পাঠিয়ে দেবেন।
কিন্তু সেই মেয়ে যদি তোমার সংগে আসতে রাজী না হয়, তবে আমার এই দিব্য থেকে তুমি মুক্ত।




আদিপুস্তক ২৪:১০-১৭


প্রভু, এই নিন, জল খান। আমি আপনার উটগুলোর জন্যও জল তুলে দেব।
অব্রাহমের ঈশ্বর, সত্যিই আপনি আমাদের প্রার্থনার উত্তর দিয়েছেন।
আপনি কার মেয়ে? আপনি কি বলতে পারেন আপনার বাবার বাড়ীতে আজ রাতে আমাদের থাকবার জায়গা হবে কি না?
আমি বথূয়েলের মেয়ে, তিনি মিলকা ও নাহোরের ছেলে।
"ধন্য সদাপ্রভু, যিনি আমার মনিব অব্রাহমের ঈশ্বর!
আমাকেও তিনি পথ দেখিয়ে আমার মনিবের ভাইয়ের বাড়ীতে নিয়ে এসেছেন।
নাহোর ছিল অব্রাহামের ভাই তাই রিবিকা এবং ইসহাক ছিল কাকাতো ভাই-বোন।


মা! মা! আমাদের বাবার ভাই অব্রাহামের কাছ থেকে একজন লোক এসেছেন। তিনি তার ছেলের জন্য একজন স্ত্রী খোঁজার জন্য তাকে পাঠিয়েছেন।
কি?!
তিনি আমাকে এগুলো দিয়েছেন --তিনি বললেন আমাদের কাকা ঈশ্বরের আশীর্বাদ লাভ করেছেন।
আমি লাবন, যে মেয়েটির সাথে আপনি কথা বলেছেন আমি তারই ভাই ।
আমি আপনাদের জন্য ঘর এবং উটগুলোর জন্য জায়গা ঠিক করে রেখে এসেছি।
দেখুন --আপনাদের জন্য আগে থেকেই এক দারুণ ভোজের আয়োজন করা হয়েছে।
আমি কেন এখানে এসেছি তা খুলে না বলা পর্যন্ত কিছুই মুখে দেব না।
ঠিক আছে -- বলুন।


ঈশ্বর আমার মনীব অব্রাহামকে আশীর্বাদ করেছেন। তার মেষপাল আছে, গবাদি পশু আছে, রৌপ্য, স্বর্ণ, উট, গাধা এবং অনেক দাস-দাসী আছে।
কিন্তু তার একটা ঘাটতি আছে...
তার ছেলে ইসহাক, অব্রাহামের বৃদ্ধ বয়সে সে জন্মগ্রহণ করেছে, আর তার কোন স্ত্রী নেই।
তিনি আমাকে দিয়ে একটি প্রতিজ্ঞা করিয়েছেন যে তার ছেলের জন্য আমাকে তার লোকদের মধ্য থেকে একজন স্ত্রী খুঁজে আনতে হবে। এই কারণে আমি এতদূর পথ পাড়ি দিয়ে এখানে এসেছি।
তিনি বলেছেন,'' সেই প্রভু, যার পেছনে আমি চলেছি, তিনিই তোমাকে এই যাত্রায় সফলতা দেবেন।
'' আমি ঈশ্বরের কাছে চেয়েছিলাম যে যাকে তিনি মনোনীত করবেন সে বলবে,''এই নিন পান করুন, এবং আমি আপনার উটদেরকেও জল পান করাব।''
এখন, যদি আপনারা আমার মনীবের প্রতি দয়া করেন,তাহলে আমাকে বলুন।
আর যদি না করেন, তাহলে আমাকে ফিরে যাওয়ার পথ দেখান ।





আদিপুস্তক ২৪:৬২-৬৭


এবার আমাকে বিদায় দিন যাতে আমি আমার মনিবের কাছে ফিরে যেতে পারি। আর পথটাও অনেক দীর্ঘ।
মেয়েটা আরও দিন দশেক আমাদের কাছে থাকুক, তারপর সে যাবে।
সদাপ্রভু আমার এই যাত্রা সফল করেছেন তাই আমাকে আর ধরে রাখবেন না।
তাহলে আমরা মেয়েটিকে ডেকে তার মুখ থেকেই তার মতটা শুনি।
আমরা তোমাকে বিদায় দেওয়ার আগেই কি তুমি এই লোকটির সংগে যেতে চাও?
হ্যাঁ, আমি ওনার সংগে আমার স্বামীর কাছে যেতে চাই।
তুমি অসংখ্য সন্তানের মা হও।
যেন তোমার সন্তানেরা সমস্ত শত্রুদের শহর দখল করে নিতে পারে।
তুমি একা যাবে না। তোমার দাসেরাও তোমার সাথে যাবে।
তাই ইলিয়েষর তার মনীব অব্রাহাম এবং ইসহাকের কাছে যাওয়ার প্রস্তুতি নিল।




আদিপুস্তক ২৪:৬২-৬৭





আদিপুস্তক ২৫:১-১০


রিবিকা সন্তান জন্মদানে অক্ষম ছিলেন কিন্তু ইসহাক যখন তার জন্য প্রার্থনা করলেন তখন সে গর্ভধারণ করতে পেরেছিলো।
যেহেতূ তার গর্ভের সন্তানেরা যমজ ছিল তাই তিনি প্রভুর কাছে জিজ্ঞাসা করছিলেন যে...
আমার এই রকম হচ্ছে কেন?
তোমার গর্ভে দু'টি ভিন্ন জাতির শুরু হয়েছে, জন্ম থেকেই তারা দু'টি ভিন্ন বংশ হবে।
তাদের মধ্যে একজন অন্যজনের চেয়ে শক্তিশালী হবে এবং বড়টি ছোটটির দাস হবে।
দেখা গেল, প্রথম জন্মানো শিশুটির গায়ের রং ছিল লাল এবং গা পশমের জামার মত ঢাকা!
এইজন্য তার নাম রাখা হল এষৌ!১
১এষৌ নামের অর্থ হল লোমশ, কিন্তু তার আরেকটি নাম ছিল ইদোম যার অর্থ হল লাল।
এখন তার ভাই আসছে এবং সে তার ভাইয়ের গোড়ালি ধরে আছে!
আর তার নাম রাখা হল যাকোব।২
২ যাকোব নামের অর্থ হল গোড়ালি ধরা।


এষৌ মাঠে মাঠে ঘুরে বেড়াতে পছন্দ করতেন এবং একজন দক্ষ শিকারী ছিলেন।
কিন্তু যাকোব শান্ত স্বভাবের ছিলেন এবং তাবুতেই থাকতে পছন্দ করতেন।
ছেলে আমার- তুমি আমাকে বন থেকে যেসব শিকার করে এনে দাও তা আমি কতটাই না পছন্দ করি!
যদিও ইসহাক এষৌকে বেশি ভালবাসতেন, কিন্তু রিবিকা যাকোবকে তার শান্ত স্বভাবের জন্য বেশি ভালবাসতেন।
তোমার ঐ লাল জিনিস থেকে আমাকে কিছুটা খেতে দাও। আমার খুবই ক্ষুধা পেয়েছে!
যদি তুমি বড় ছেলে হিসাবে তোমার যে অধিকার আছে সেটা আজ তুমি আমার কাছে বিক্রি কর- তাহলে আমি তোমাকে অবশ্যই দেব।
দেখ, আমার প্রাণ বেরিয়ে যাচ্ছে, বড় ছেলের অধিকার দিয়ে আমি কি করব!
আমার কাছে শপথ কর।
আমি শপথ করছি- এখন আমাকে খেতে দাও।
জন্মাধিকার হল একটি পরিবারে একজন ব্যক্তির ক্ষমতার একটি উত্তরাধিকারসূত্র যা তার পরিবারের কর্তা এবং পুরোহিত হিসেবে গণ্য হওয়ার একটি অন্যতম পরিচয় হিসেবে কাজ করে।
কিন্তু এষৌ এর মূল্য এবং পবিত্রতা রক্ষা করতে পারলেন না।


যখন সেখানে দুর্ভিক্ষ দেখা দিল তখন ঈশ্বর ইসহাককে মিশরে যেতে বারণ করলেন, আর ইসহাক পলেস্টীয়দের রাজা অবিমেলকের কাছে গেলেন।
এই দেশে তুমি কিছুকালের জন্য থাকবে আমি তোমার বাবা অব্রাহামের কাছে যে শপথ করেছিলাম তাও বজায় রাখব।
তোমার বংশ আকাশের তারার মত হবে এবং তাদের মধ্য দিয়েই পৃথিবীর সকল জাতি আশীর্বাদ পাবে।
আর তোমার সাথের এই মহিলা কে?
সে আমার বোন-আর সে আমাদের সাথেই যাচ্ছে।
ইসহাক তার বাবার মতোই করলেন। তিনি নিজেদের রক্ষার বিষয়ে ঈশ্বরের প্রতি বিশ্বাস রাখতে পারলেন না।
?!?
এটা আপনি কি করলেন?
এই মহিলাটি আসলে আপনারই স্ত্রী!
আমাদের যে কোন একজন লোক তাকে শোবার সংগিনী করতে পারত আর এতে আপনি পাপের দায়ে আমাদের দায়ী করতেন।
সারাদেশে এই খবর ছড়িয়ে দাও- কেউ ইসহাক এবং তার স্ত্রীর কোন ক্ষতি না করুক। যদি কেউ তা করে তাহলে নিশ্চয়ই তাকে মেরে ফেলা হবে।




আদিপুস্তক ২৬:১২-৩৫


আমি বুড়ো হয়ে গিয়েছি আর আমার দেখার শক্তি খুবই কম। আমি কবে যে মারা যাই তা বলতে পারি না।
আমার পছন্দের পশু শিকার করে নিয়ে এসে আমার পছন্দমত ভাল খাবার তৈরী করে নিয়ে এস-যাতে আমি মারা যাবার আগে তোমাকে আশীর্বাদ করে যেতে পারি।
আমি এইমাত্র শুনলাম যে তোমার বাবা এষৌকে বন থেকে পশু স্বীকার করে তার কাছে এনে দিতে বললেন যাতে তিনি ওকে আশীর্বাদ করতে পারেন।
আমাকে দুটি ছাগলের বাচ্চা এনে দাও আর আমি সেগুলোকে তোমার বাবা যেমনভাবে খেতে পছন্দ করেন সেভাবে তৈরী করে দেব।
তখন সেটা তুমি তোমার বাবার কাছে নিয়ে যাবে আর ওনার আশীর্বাদ নিতে পারবে।
কিন্তু এষৌর গায়ে তো অনেক লোম আর আমার শরীরে তো ওর মত লোম নেই।
যদি বাবা আমাকে ছুঁয়ে দেখেন তখন তো তিনি আমাকে অভিশাপ দেবেন।
আমি যা বলি তাই কর আর সেই অভিশাপের দায়ভার আমার উপরে ছেড়ে দাও।




আদিপুস্তক ২৭:১৪-২৫





আদিপুস্তক ২৭:২৬-৩০




আদিপুস্তক ২৭:৩০-৪০


আমার মনে হচ্ছে এই পাথরটি তোমার তলোয়ারকে যথেষ্ট ধারালো করতে পারবে না। তুমি নিশ্চয়ই অনেক রক্ত ঝড়ানোর করানোর চিন্তা করছ।
না--শুধুমাত্র ছলনাকারী যাকোবের রক্তই ঝড়াতে যাচ্ছি।
কিন্তু সে তো তোমার ভাই!
খুব বেশী সময়ের জন্য নয়। সে আমার সাথে প্রথম থেকেই ছলনা করে আসছে।
দ্রুত, তোমার জিনিসপত্র গোছাও। আমি তোমাকে আমার ভাই লাবনের কাছে পাঠাব।
আমি জানতে পেরেছি যে তোমার বড় ভাই তোমার উপর প্রতিশোধ নেবে।
তারপর, ইসহাকের তাবুতে,
এই হিত্তীয় মেয়েগুলোর জন্য আমার আর বেঁচে থাকতে ইচ্ছা করে না।
এর উপর যাকোবও যদি এই দেশের কোন হিত্তীয় মেয়েকে বিয়ে করে তবে আমার বেঁচে থেকে কোন লাভ নেই।
যাকোবকে আমার কাছে ডেকে পাঠাও।
ছেলে আমার, তুমি পদ্দন অরাম দেশে যাও। সেখানে থাকবার সময় তোমার মামা লাবনের কোন মেয়েকে তুমি বিয়ে কোরো। সর্বশক্তিমান ঈশ্বর তোমাকে আশীর্বাদ করুন আর তোমাকে অনেক সন্তানের পিতা হবার ক্ষমতা দিন। যে আশীর্বাদ তিনি অব্রাহামকে করেছিলেন সেই আশীর্বাদই তিনি তোমাকে এবং তোমার পরে তোমার বংশের লোকদের করুন। যে দেশ ঈশ্বর অব্রাহামকে দিয়েছিলেন, যেখানে তুমি এখন বিদেশী হিসাবে আছ, সেই দেশটা যেন তোমার অধিকারে আসে।”


তুমি আমার বাবার বাড়িতে থাকতে পার।
আমার ভাই লাবন তোমাকে দেখিয়ে দেবে তোমার কি করতে হবে।
তো, তারা আমার কনানীয় স্ত্রীদের পছন্দ করছে না... হয়ত আমার জন্মাধিকার নিয়ে আর আমার রাগ পুষে রাখা উচিত নয়,
যাকোব তার বাবার বাধ্য হয়ে, যেখানে তার মায়ের পরিবার ছিল হিব্রোণের দিকে রওনা দিল ।
যাকোব ভাই এষৌর কাছ থেকে পালিয়ে এসে সেখানেই আশ্রয় নিল, এবং নিজের জন্য একজন উপযুক্ত স্ত্রী পাবার প্রস্তুতি নিতে থাকল।
এষৌ তার কাকা, ইশমায়েলের মেয়েকে, তার তৃতীয় স্ত্রী হিসেবে গ্রহণ করল। সে হয়ত তার বাবা মা কে তার নতুন ইচ্ছা প্রকাশ করার জন্য বিশ্বাস করাতে চেয়েছিল।
একটি জায়গায় যাকোব একটি পাথরকে বালিশের মত ব্যবহার করে ঘুমানোর জন্য থামল।





আদিপুস্তক
২৮:১২-১৫




আদিপুস্তক ২৮:১৬-২২




পদ্দন অরাম।
রিবিকার পরিবারের দেশে।
বন্ধুরা-তোমরা কোথা থেকে এসেছ?
আমরা হারণ শহর থেকে এসেছি।
আপনারা কি নাহোরের নাতি লাবনকে চেনেন?
হ্যাঁ, আমরা তাকে চিনি।
তিনি কি ভাল আছেন?
হ্যাঁ, তিনি ভালই আছেন।
ঐ তো তাঁর মেয়ে রাহেল আসছেন।
আমি তোমার বাবার আত্মীয়-তোমার বাবার বোন রিবিকার ছেলে!
আমার সাথে আসুন! আপনাকে দেখে আমার বাবা আনন্দে আত্মহারা হয়ে যাবেন!
বাবা! আপনার বোন রিবিকার ছেলে এসেছেন!















আদিপুস্তক ২৯:১৪-২২


লাবণ!!!
আপনি আমাকে ঠকিয়েছেন! আমি যার সাথে ছিলাম সে রাহেল ছিল না, বরং সে তার বোন লেয়া ছিল- যার থাকবার মধ্যে শুধু দুটি সুন্দর চোখ ছিল!
বড় মেয়ের আগে ছোট মেয়ের বিয়ে দেওয়া আমাদের দেশের নিয়ম নয়।
তুমি লেয়ার সাথে দাম্পত্য সপ্তাহ শেষ কর আর আমি তোমাকে আরও সাত বছর পরিশ্রমের বিনিময়ে রাহেলকে দেব।
ঘটনাতীতভাবে লাবণের দুই মেয়েই যাকোবের ছেলে সন্তানের জন্ম দিয়েছিল।
আর একসময় এমন হল যে তারা দুজন আর গর্ভধারণ করতে পারলেন না, তারা তাদের সন্তানদেরকে পালন করার জন্য তাদের দাসী সিল্পা এবং বিল্‌হার কাছে দিলেন।
যাকোব তার মায়ের দেশে যাওয়ার প্রস্তাব করলেন এবং সেই সময়ে তার ১১ জন ছেলে এবং একটি মেয়ে ছিল যার নাম ছিল, দীণা।



যখন রাহেল তাদের ছেলে যোষেফকে জন্ম দিল, তখন যাকোব তার শশুড়ের কাছে তার আবেদন জানাল।
আমাকে আমার স্ত্রীদের, সন্তানদের এবং আমার যা কিছু আছে সব দিন যাতে আমি আমার পরিবারের কাছে ফিরে যেতে পারি।
আমি বুঝতে পেরেছি যে সদাপ্রভু তোমার কারণে আমাকে আশীর্বাদ করেছেন। দয়া করে এখানেই থাক--আর তোমার নিজের বেতন তুমি নিজেই ঠিক কর।
আমি আসবার আগে আপনার পশুধন বেশী ছিল না, কিন্তু এখন তা বেড়ে গিয়ে অনেক বেশী হয়েছে।
কিন্তু এখন আমার নিজের পরিবারের কথা ভাববার সময় হয়েছে।
আমি তোমাকে কী দিতে পারি?
শুধু এটাই। আমি আজই আপনার সমস্ত পশুপালের মধ্যে গিয়ে সেখান থেকে ছোট ছোট এবং বড় বড় ছাপের ভেড়া ও ছাগল আর ভেড়ার কালো বাচ্চাগুলো আলাদা করে রাখতে চাই।
সেগুলোই হবে আমার বেতন এবং ছোট ছোট এবং বড় বড় ছাপ নেই এমন কোন ছাগল আর কালো নয় এমন কোন ভেড়ার বাচ্চা যদি আমার পশুপালের মধ্যে পাওয়া যায় তবে সেগুলো চুরির মাল বলে ধরে নেওয়া হবে।"
ঠিক আছে।
লাবন তার ছেলেদেরকে দিয়ে সেই ধরনের পশুদের পাল থেকে সরিয়ে রাখলেন আর যাকোবের কাছ থেকে তিন দিনের পথ দূরে সরে গেলেন।





আদিপুস্তক ৩০:৩৭-৩১:১




আদিপুস্তক ৩১:২-২১




আদিপুস্তক ৩১:২২-৩২




তো ওগুলো কোথায়?
আমি ওগুলো খুঁজে বের করব এবং আমার কথা প্রমাণ করে দেখাব।
রাহেল মূর্তিগুলোকে লুকিয়ে সেগুলোর উপর বসে ছিলেন।
আমি দু:খিত বাবা; আমি আপনার সামনে দাঁড়াতে পারব না। মহিলাদের স্বাভাবিক চক্রের কারণে এমনটি করছি।
আমার যা কিছু ছিল তার সব কিছুই আপনি খুঁজে দেখেছেন- আপনি যা খুঁজছিলেন তা কি পেয়েছেন?!
বিশ বছর ধরে আমি আপনার সাথে ছিলাম। বুনো জন্তুর মেরে ফেলা কোন পশুও আমি আপনার কাছে নিয়ে যাই নি। সেই ক্ষতি আমি নিজেই বহন করেছি-আর এখন আপনি আমার সাথে এমন ব্যবহার করছেন!
ঈশ্বর আমার কঠিন পরিশ্রম দেখেছেন আর আপনাকে তিরস্কার করেছেন!
এই মেয়েরা আমারই মেয়ে, এই ছেলেমেয়েরা আমারই নাতি-নাত্নী, আর এই সব পশুর পালও আমার, তাই এস, আমরা দু'জনে একটা চুক্তি করি যা তোমার ও আমার মধ্যে সাক্ষী হয়ে থাকবে।
তাই তারা দুজন একটি পাথর নিয়ে থাম দাঁড় করালেন যেটা তাদের এই চুক্তির এই কথার সাক্ষী হয়ে রইল যে, তারা কেউই এই ঢিবি পার হয়ে একজন আরেকজনের ক্ষতি করবে না।
তারা এই চুক্তি মহাভোজের সাথে সম্পন্ন করল।
পরদিন সকালে লাবন তার প্রত্যেক নাতি-নাতনীদের চুম্বন করলেন এবং বিদায় জানিয়ে তার নিজ বাড়ীর দিকে ফিরে চললেন।


একদিন রাতে যাকোব তার ঘরে ফেরার পথে, ঈশ্বরের দূতদের দেখলেন।
তার এই কথা মনে পড়ল যে ঈশ্বর তার সঙ্গে ছিলেন এবং সেই জায়গাটির নাম ‘‘দুই ছাউনি” রাখলেন।
আমাদের আগে যাও। সেখানে আমার মনীব এবং আমার ভাই এষৌর কাছে গিয়ে কথা বল।
তার কাছে গিয়ে এই কথা বল আমি আমাদের কাকা লাবনের কাছে ছিলাম এবং আমার অনেক : গরু-গাধা, ছাগল-ভেড়া এবং দাস-দাসী সবই আছে। আমি তার কাছে দয়া পাব এই আশা করছি।
কিছুদিন পর...
আমরা আপনার ভাই এষৌর কাছে গিয়েছিলাম, যাইহোক তিনি ৪০০ লোক নিয়ে এখনই আসছেন।
এটা ভাল কোন খবর নয়- এখন আমাকে দুই ছাউনি খুঁজে পেতে সাহায্য করুন। আমরা সেই পশুপাল ও গরুগুলো দুই দলে ভাগ করব।
যদি আমার ভাই একটি দলকে আক্রমণ করে, তাহলে হয়ত অন্য দলটি পালাতে পারবে।
হে সদাপ্রভু, তুমিই তো আমাকে প্রতিশ্রুতি দিয়েছিলে আমি সফল হব এবং আমার বংশধররা সমুদ্রের বালুকণার মত হবে...
কাল, দু'শো ছাগী ও বিশটা ছাগল, দু'শো ভেড়ী ও বিশটা ভেড়া, বাচ্চা সুদ্ধ ত্রিশটা দুধালো উট, চল্লিশটা গাভী ও দশটা ষাঁড়, বিশটা গাধী ও দশটা গাধা বিভিন্ন দলে ভাগ করে তোমরা প্রত্যেকটি দলের শেষে কিছু জায়গা রেখে তোমরা আমার আগে আগে যাও।
যখন তোমরা এষৌর সামনে যাবে তখন তাকে এই কথা বলবে,‘‘এগুলো আপনার দাস যাকোবের আর তিনি আমার মনিব এষৌর জন্য এই উপহার পাঠিয়েছেন। যাকোব আমাদের পেছনেই আছেন।”


ভাই আমার-শেষ পর্যন্ত তোমার সাথে দেখা হয়েই গেল!
আর ওনারা কারা?
এরা হলেন সেই সবসন্তানেরা যাদেরকে ঈশ্বর আশীর্বাদস্বরূপ তোমার দাসকে দিয়েছেন।
প্রথমে দাসীরা ও তাদের সন্তানদের নিয়ে এগিয়ে গিয়ে এষৌকে প্রণাম করল।
তারপর লেয়া তাঁর সন্তানদের নিয়ে এগিয়ে গিয়ে তাঁকে প্রণাম করলেন।
আর সবশেষে যাকোব, রাহেল আর যোষেফ এগিয়ে গিয়ে তাঁকে প্রণাম করলেন।





আদিপুস্তক ৩৩:২২-৩২


আর যে সব দলবলের সংগে পথে আমার দেখা হল সেগুলো কিসের জন্য?
আমরা আপনার মন খারাপ করে এখান থেকে চলে গিয়েছিলাম আর এখন ওগুলো আমার মনিবের কাছ থেকে দয়া পাবার জন্য পাঠিয়েছি।
আমার এগুলোর কিছুরই প্রয়োজন নেই, ভাই আমার যথেষ্ট আছে।
আমি জোর করছি! এভাবে আপনার মুখ দেখাটা আমার কাছে ঈশ্বরর মুখ দেখার মত মনে হচ্ছে।
আমার পক্ষ থেকে এই উপহারগুলো আপনাকে নিতেই হবে।
যেহেতু তুমি জোর করছ, তাই আমি এগুলোকে তোমার কাছ থেকে উপহার হিসেবেই নিচ্ছি।
চল, এবার আমরা যাই। আমি তোমার সংগে সংগেই যাব।
আমরা দু:খিত।
আপনি তো জানেন যে, এই সব ছেলেমেয়েদের বয়স বেশী নয়। তা ছাড়া যে সব গরু ও ভেড়া তাদের বাচ্চাকে দুধ দিচ্ছে তাদের কথাও আমাকে ভাবতে হবে। যদি একদিনও এদের তাড়াহুড়া করে নিয়ে যাওয়া হয় তবে সবগুলোই মরে যাবে।
তাহলে আমার সংগের কয়েকজন লোককে আমি তোমার কাছে রেখে যাই।
তার কি দরকার? আমার মনিবের কাছ থেকে আমি দয়া পেয়েছি সেটাই তো যথেষ্ট।
কনান দেশে, যাকোব হমোরের ছেলেদের কাছ থেকে জমি কিনলেন।




আদিপুস্তক ৩৪:১-১৭


হমোর এবং তার ছেলে শিখিম রাজী হলো। তারা তাদের শহরের পুরুষদেরকে রাজি করাল যে তারা যাকোবের পরিবারের সাথে বিবাহ ব্যবস্থা করতে চায় আর এজন্য তাদের প্রত্যেক পুরুষকে সুন্নত করাতে হবে।
তিন দিন পর শিমিয়োন এবং লেবী, দীণার ভাইয়েরা, তাদের বোনের প্রতিশোধ নিল।
যখন শহরের সকল পুরুষেরা সুন্নত(ত্বকচ্ছেদ) করানোর ব্যাথ্যায় ভুগছিল, তখনই তারা এমনভাবে আক্রমণ করল- যাতে হামোর ও শিখিমসহ সকল পরিবারের পুরুষেরা মারা গেল।
তারা বাকী সব কিছু লুট করে নিল।
আপনারা এ কি করলেন?!
আমরা সংখ্যায় অল্প আর যদি এই দেশের লোকেরা একসাথে মিলিত হয় এবং আমাদের আক্রমণ করে তাহলে আমাদের পরিবারের সমস্ত কিছু ধ্বংস হয়ে যাবে।
কিন্তু সে আমাদের বোনের সাথে ব্যাভিচারীনীর মত ব্যবহার করেছে।
তারা যা পাওয়ার যোগ্য ছিল তারা তাই পেয়েছে।




আদিপুস্তক ৩৫:১-১৫




আদিপুস্তক ৩৫:১৬-৩৭:১